

‘যুবদের জাগরণ, বাংলাদেশের উন্নয়ন’
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.৪৯.০৯৪.১৭- ৩২

তারিখঃ ২৪ মাঘ, ১৪২৪
০৬ ফেব্রুয়ারি, ২০১৮

বিষয়: ব্যাখ্যা প্রদান।

সূত্র নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.০৯৪.১৭-১৭, তারিখঃ ১৮ জানুয়ারি, ২০১৮


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব সংগঠন নিবন্ধন/স্বীকৃতি প্রদান সম্বলিত তথ্যের প্রতিবেদন গত ২৫ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য মাঠ পর্যায়ে সকল জেলা প্রধানদের অনুরোধ করা হয়েছিল। এছাড়া প্রত্যেক মাসের যুব সংগঠন নিবন্ধন/স্বীকৃতি প্রদানের তথ্য পরবর্তি মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে বারংবার মৌখিকভাবে অবহিত করা হয়েছে। মাসিক প্রতিবেদনের জন্য তাগিদপত্রও প্রেরণ করা হয়েছে। এছাড়া চলতি অর্থবছরে অনুষ্ঠিত এপিএ’র অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২টি ত্রৈমাসিক সভায় এবং ১৯ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন মেলার প্রস্তুতি সভাতেও যুব সংগঠন নিবন্ধন/ স্বীকৃতির কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তথাপি নিম্নোক্ত ০৫টি জেলা হতে এযাবত কোন প্রতিবেদন পাওয়া যায়নিঃ

‘কুমিল্লা, মৌলভীবাজার, পাবনা, ঠাকুরগাঁও ও নীলফামারী’

০২। এ চিত্র অত্যন্ত দুঃখজনক যা সংশ্লিষ্ট জেলা প্রধানদের দায়িত্ব পালনে উদাসিনতার পরিচায়ক।

০৩। এতদ্ব্যতীত, ০৬ টি জেলা যথাক্রমে রাজবাড়ি, গোপালগঞ্জ, নওগাঁ, সুনামগঞ্জ, রাজশাহী ও পঞ্চগড় হতে ১০টির কম সংগঠনকে স্বীকৃতি প্রদান করা হয়েছে যা অত্যন্ত হতাশাজনক।

০৪। এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে এ বিষয়ে যথাযথ ব্যাখ্যা প্রদানসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।


(মোঃ আনোয়ার হোসেন)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৯৩৮৯।

উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
কুমিল্লা/মৌলভীবাজার/ পাবনা/ ঠাকুরগাঁও/ নীলফামারী
রাজবাড়ি/ গোপালগঞ্জ/নওগাঁ/ সুনামগঞ্জ/রাজশাহী/পঞ্চগড়।